সংবাদ

তারিখ ... 04 OCT. 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# বিএনপি-জামায়াত জোট আমলে মাদ্রাসা শিক্ষার উন্নয়ন হয়নি

—— শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

জামায়াত-বিএনপি জোট সরকারের আমলে মাদ্রাসা শিক্ষার কোন উন্নয়ন হয়নি বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, 'জামায়াত-বিএনপি মুখে ধর্মের কথা বললেও তাদের শাসনামলে কার্যত কোন সুযোগ-সুবিধাই পায়নি মাদ্রাসা শিক্ষকরা। কেবল আমরাই মাদ্রাসা শিক্ষার উন্নয়ন করেছি। শিক্ষকদের পর্যাপ্ত সুযোগ-সুবিধা দিয়েছি। তাদের আমলে একটিও বিল্ডিং হয়নি। অথচ আমরা ১৩শ নতুন বিল্ডিং করেছি। মাদ্রাসা শিক্ষকদের প্রাপ্ত সম্মান ফিরিয়ে দিয়েছি।'

গতকাল ডেমরার ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মন্ত্রী। কলেজের অধ্যক্ষ ওবায়দুল্লাহ নয়নের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সংসদ সদস্য হাবিবুর রহমান মোল্লা, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবু বকর সিদ্দিক ও শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী দেওয়ান মো. হানজালা। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাতুয়াইল ইউনিয়নের চেয়ারম্যান নাসির হোসেন প্রমুখ।

শিক্ষামন্ত্রী আরও বলেন, 'শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সেরা ২০ প্রতিষ্ঠান নির্বাচনের প্রক্রিয়া চালু করেছিলাম শিক্ষকদের মধ্যে সুস্থ প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে।